

এইচএসসি পরীক্ষা

সনাতনী পদ্ধতি শেষ হৈ হুল্লোড়ও শেষ, আগামী বছর থেকে গ্রেডেশন.

স্টাফ রিপোর্টার ॥ এইচএসসি পরীক্ষার ফলাফলের সনাতনী পর্বেরও সাদ হলে। বিশ্ববিদ্যালয়সহ উচ্চতর শিক্ষায়তনে প্রবেশের আর্গে দেশের লাখ লাখ শিক্ষার্থীর ছাত্র জীবনের দ্বিতীয় গুরুত্বপূর্ণ পরীক্ষাকে কেন্দ্র করে দেশব্যাপী সনাতনী হুল্লুড়ের পালাটিই এবারে শেষবারের মতো হয়েছে। সনাতন পদ্ধতির এসএসসির মতো এইচএসসি পরীক্ষার ফলাফল বের করার পরও

(২- পৃষ্ঠা ৬-এর কঃ দেখুন)

(প্রথম পাতার পর)

সনাতনী পদ্ধতি

বোর্ডে প্রথম, দ্বিতীয় বা মেধা তালিকায় স্থান অধিকারীদের নিয়ে কলেজ-পাড়া-পরিবার-মিডিয়াম হৈচৈ, গর্বিত বাবা-মার সঙ্গে আনন্দউল্লাসের ছবি তোলার প্রতিযোগিতা, স্টার, লেটারগুণে নানা উপহার সৃষ্টি, ভবিষ্যতের স্বপ্ন নিয়ে পত্রিকায়, টিভি চ্যানেলে নানা ইন্টারভিউ, প্রথম-দ্বিতীয়-তৃতীয় বিভাগের পক্ষে-বিপক্ষে আনন্দ-কান্নার কোলাহল জমে উঠত প্রতিবার। এসএসসি পরীক্ষার গ্রেডেশন পদ্ধতি চালুর পর থেকে তার ফলাফলকে কেন্দ্র করে এখন আর সনাতন আমলের সেই সব হৈহুল্লাহর প্রতিযোগিতা নেই। এইচএসসি পরীক্ষা নিয়েও সনাতনী হৈহুল্লাহ বৃধবার শেষবারের মতো হয়েছে। কারণ এসএসসির মতো আগামী এইচএসসি পরীক্ষার ফলাফল মূল্যায়নও হবে গ্রেডেশন পদ্ধতিতে।

সনাতনী পদ্ধতির পরীক্ষা, প্রথম-দ্বিতীয় বিভাগের কৃতিত্ব-প্রশংসা-আনন্দ-ভুক্তিকে কেন্দ্র করে এতদিন গ্রামে-পাড়ায়-মহল্লায় নানা উৎসব-প্রতিক্রিয়া চলত। কারণ এই ফলাফলটি ভবিষ্যত উচ্চ শিক্ষার বিষয়-প্রতিষ্ঠান বেছে নেবার-সুযোগ পাবার জন্য বিশেষ গুরুত্বপূর্ণ। সে জন্য ভাল ফলকে কেন্দ্র করে মিষ্টি দোকানগুলোর বিকিকিনিতে এর প্রভাব পড়ত সরাসরি। এসএসসি পরীক্ষার ফলাফল মূল্যায়নে গ্রেডেশন পদ্ধতি চালুর পর পরিবারে-পাড়া-মহল্লায় উৎসবের আমেজটিও কমে গেছে। মিষ্টির দোকানের বিকিকিনিতেও পড়েছে তার বিরূপ প্রভাব। সনাতনী পদ্ধতির শেষ এইচএসসি পরীক্ষার মিষ্টি বাণিজ্যের উৎসবটিও সাদ হয়েছে গতকাল বৃধবার।

অতঃপর এসএসসির মতো এইচএসসির আগামী পরীক্ষার্থীরা এখন গ্রেডিং পদ্ধতির ভালমন্দ নিয়ে ভাবাভাবি শুরু করে দিয়েছেন। গ্রেডিং চালুর সময় পরীক্ষার ফলাফলের আন্তর্জাতিক রীতিনীতির অনুসরণ, মেধা মূল্যায়নের আধুনিক-বিজ্ঞানসম্মত নিয়মনীতির প্রতিষ্ঠার কথা বলা হয়েছিল। কিন্তু বাংলাদেশের শ্রেণ্যপটে এ পদ্ধতিতে সত্যিকার সুফল মিলছে কিনা, মেধার প্রকৃত যাচাই-মূল্যায়ন হচ্ছে কিনা- তা নিয়ে পরীক্ষার্থী-অভিভাবক-শিক্ষকদের নানা চিন্তাভাবনা-প্রতিক্রিয়া হচ্ছে।